অভিধর্মপিটকে যমক তৃতীয় খণ্ড

অনুবাদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

অভিধর্মপিটকে

যমক

[তৃতীয় খণ্ড]

অনুবাদ

ভদন্ত করুণাবংশ ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটকে
যমক [তৃতীয় খণ্ড]
অনুবাদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

স্বত্ব : অনুবাদক
প্রকাশক : বাবু ঝুলন কান্তি বড়ুয়া
স্বত্বাধিকারী, সংঘশক্তি প্রকাশনী
প্রথম প্রকাশ : ৮ জানুয়ারী ২০১৩
প্রচ্ছদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু
কম্পোজ : শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ
সহযোগিতায় : ভদন্ত সম্বোধি ভিক্ষু
ভদন্ত জ্ঞানলোক ভিক্ষু

Abhidhammapitake
YAMAKA (part III)

Translated by Ven. Karunabangsha Bhikkhu
Copyright : Translator
Cover Design : Ven. Karunabangsha Bhikkhu
Published by Mr. Jhulan Kanti Barua
First Published : 8 January 2013

Visit: http://www.buddhistdownload.com

উৎসর্গ-পত্র

অধুনা পরিনির্বাপিত
মহান আর্যপুরুষ, শ্রাবকবুদ্ধ
শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তে
এবং
সুদেশক, সুলেখক, পন্ডিত প্রবর
ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথের মহোদয়
পরম শ্রদ্ধাভাজনেষু

প্রণত
ভদন্ত করুণাবংশ ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

ভূমিকা

পালি বৌদ্ধশাস্ত্রে **'যমক ইদ্ধি পটিহারিযং'** নামে একটি প্রসিদ্ধ বাক্যাংশের বিদ্যমানতা পরিলক্ষিত হয়। ইহার বঙ্গানুবাদ দাঁড়ায় **'যুগল ঋদ্ধি প্রদর্শন'**। বৌদ্ধ জগতে এই বিরল ঋদ্ধিশক্তির বুদ্ধপ্রমুখ মাত্র গুটিকয় শিষ্যের ক্ষেত্রে দৃষ্ট হয়েছিল। যেমন, ঋদ্ধিশ্রেষ্ঠ মহামোগ্গল্লায়ন মহাদুর্ভিক্ষের সময়ে একদিন বুদ্ধের অনুমতি চাইলেন, তিনি পৃথিবীর ওজশক্তি (উর্বরতা) বৃদ্ধির জন্যে পৃথিবীর সমগ্র প্রাণীকে তাঁর এক হাতে ধারণ করবেন, আর একই সময়ে অপর হাতে পৃথিবীর মাটি গভীরভাবে উল্টায়ে দেবেন। সম্রাট অশোক তাঁর সমগ্র সাম্রাজ্যে প্রতিষ্ঠিত চুরাশি হাজার চৈত্যের উৎসর্গ-অনুষ্ঠান একই সময়ে সম্পাদন করার আদেশ দিয়েছিলেন। নিজেও সেই ৮৪ হাজার স্থানের অনুষ্ঠান স্বচক্ষে প্রত্যক্ষ করার বাসনায় তৎকালের ঋদ্ধিশ্রেষ্ঠ উপগুপ্ত থেরোকে (ভিন্ন নামও দেখা যায়) আহবান করলেন তার ঋদ্ধিসামর্থ্য প্রদর্শনে। ভদন্ত উপগুপ্ত একটি জলপূর্ণ পাত্রের এক অংশ কম্পিত করা এবং অপরাংশ স্থির রাখা, এমন কঠিন **'যমক ঋদ্ধি'**ও প্রদর্শন করেছিলেন। জটিল কাশ্যপ ভ্রাতৃত্রয়কে মিথ্যাদৃষ্টি অপনোদনে বুদ্ধ স্বয়ং এভাবে ষোল প্রকার **'যমক ঋদ্ধি'** প্রদর্শন করেছিলেন।

উপরে বর্ণিত **'যমক ঋদ্ধি'** প্রসঙ্গটির সাথে অভিধর্মপিটকের অন্তর্ভুক্ত ৭টি গ্রন্থের মধ্যে ৬ষ্ঠ গ্রন্থ *যমক* এর কিছু সৌসাদৃশ্যতা আছে। যেমন 'যমক ঋদ্ধি' নামক বিষয়টির উৎপত্তিস্থল যেই চিত্ত-চৈতসিকসংশিষ্ট, অভিধর্মের *যমক* খণ্ডটির আলোচ্য বিষয়ও সেই চিত্ত-চৈতসিকসংশিষ্ট।

আবার সুত্তপিটকের *ধম্মপদ* গ্রন্থের **'যমক বর্গ'** নামে যেই পরিচ্ছেদটি আছে, তদনুরূপ সংযুক্ত নিকায়াদিতে উল্লিখিত 'যমক' পরিচ্ছেদসমূহেও একই 'যুগল' বৈশিষ্টমণ্ডিত অর্থকে ধারণ করা হয়েছে। এ সকল যমকে কখনো বিপরীতার্থক, কখনো বা ভাবের সম্প্রসারণার্থক এবং কখনো প্রশ্নার্থক আবার কখনো বর্ণনাত্মক পদ্ধতির অনুসরণ করা হয়ে থাকে।

প্রতিপাদ্য *যমক* গ্রন্থটির শুরুতে **'মূল-যমক'** অধ্যায়ের উদ্দেশ পর্বে কুশল ধর্ম, অকুশল ধর্ম এবং অব্যাকৃত ধর্ম ও নাম ধর্ম চার পর্যায়ে কুশল ধর্মের মূল, মূল-মূল, মূলক, মূল-মূলক ইত্যাদি ক্রমে প্রশ্নাকারে আলোচনা উপস্থাপিত

Visit: http://www.buddhistdownload.com

হয়েছে। যেমন : যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূল? আর যা কিছু কুশলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

স্কন্ধ-যমকের মধ্যে একই পদ্ধতিতে পাঁচ প্রকার স্কন্ধ তথা রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ ও বিজ্ঞানস্কন্ধকে অনুলোম ও প্রত্যানীক আকারে এই দুই প্রশ্নপদ্ধতিতে উপস্থাপন করা হয়েছে, যেমন : (ক) অনুলোমে—সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ? আর রূপস্কন্ধ কি সর্ববিধ রূপ? (খ) প্রত্যানীকে—যা রূপ নয় তা রূপস্কন্ধ নয় কি? আর যা রূপস্কন্ধ নয়, তা রূপ নয় কি?

যমকের 'বার' তথা অধ্যায় নির্ণয়ে মূল-যমকে 'মূল বার' ও 'হেতু বার' এই দুই নামের অধ্যায় বিদ্যমান। স্কন্ধ-যমকে 'পদশোধন বার', 'পদশোধন-মূলচক্র বার', 'সুদ্ধস্কন্ধ বার' এভাবে অন্যান্য ক্ষেত্রে ক্রম প্রদর্শিত হয়েছে।

যমকের প্রথম খণ্ডে আলোচিত বিষয়-বস্তুসমূহে যা আছে তা হচ্ছে : কুশল ধর্ম, অকুশল ধর্ম, অব্যাকত ধর্ম, নাম ধর্ম; রূপ-বেদনা-সংজ্ঞা-সংস্কার-বিজ্ঞান এই পঞ্চস্কন্ধ; স্কন্ধসমূহের অনুলোম-প্রতিলোম আকারে বর্তমান-অতীত-ভবিষ্যৎ বার এবং স্থান ও পুদ্গল ভেদে উৎপত্তি-নিরোধ নিয়ে প্রশ্নোত্তর। এভাবে স্কন্ধ, আয়তন, ধাতু, সত্য-যমকের উপর আলোচনা এভাবেই উপস্থাপিত হয়েছে :

বর্তমান বার

প্র: যিনি দুঃখসত্য জ্ঞাত হন, তিনি সমুদয়সত্য ত্যাগ করেন কি?

উ: না।

প্র: আর যিনি সমুদয় সত্য ত্যাগ করেন, তিনি দুঃখসত্য জ্ঞাত হন কি?

উ: হ্যাঁ।

প্র: যিনি দুঃখসত্য জ্ঞাত হন না, তিনি কি সমুদয়সত্য ত্যাগ করেন না?

উ: হ্যাঁ।

অতীত বার

প্র: যিনি দুঃখসত্য জ্ঞাত হয়েছিলেন, তিনি সমুদয়সত্য ত্যাগ করেছিলেন কি?

উ: হ্যাঁ

Visit: http://www.buddhistdownload.com

প্র: যিনি সমুদয়সত্য ত্যাগ করেছিলেন, তিনি দুঃখসত্য জ্ঞাত হয়েছিলেন কি?

উ: হ্যাঁ।

প্র: যিনি দুঃখসত্য জ্ঞাত হননি, তিনি কি সমুদয়সত্য ত্যাগ করেননি?

উ: হ্যাঁ।

ভবিষ্যৎ বার

প্র: যিনি দুঃখসত্য জ্ঞাত হবেন, তিনি সমুদয়সত্য ত্যাগ করবেন কি?

উ: হ্যাঁ।

প্র: যিনি সমুদয়সত্য ত্যাগ করবেন, তিনি দুঃখসত্য জ্ঞাত হবেন কি?

উ: হ্যাঁ।

প্র: যিনি দুঃখসত্য জ্ঞাত হবেন না, তিনি কি সমুদয়সত্য ত্যাগ করবেন না?

উ: হ্যাঁ।

এ সকল প্রশ্নোত্তরের সমাপ্তি যমকের প্রথম খণ্ডে এভাবেই টানা হয়েছে :

কেউ কেউ দুঃখসত্য জ্ঞাত হয়ে দুঃখের কারণ সমুদয়সত্যকে ত্যাগ করেন, আবার কেউ নাও করতে পারেন। অপরদিকে দুঃখসত্যকে জ্ঞাত না হয়েও কেউ কেউ সমুদয়সত্যকে ত্যাগ করে থাকেন। যেমন, অর্হত্ত্বমার্গলাভী ও অর্হত্ত্বফললাভী ব্যতীত অপরাপর ব্যক্তিদের ক্ষেত্রে ঠিক এমনই হয়ে থাকে।

যমক দ্বিতীয় খণ্ডে প্রথম খণ্ডের ন্যায় প্রজ্ঞপ্তি, পদশোধন, পদশোধন মূলচক্র, সুদ্ধসংস্কার ইত্যাদি বার, ইহাদের অনুলোম-প্রতিলোম এবং বর্তমান-অতীত-ভবিষ্যৎ ইত্যাদি প্রশ্নোত্তর পদ্ধতি বজায় রেখে 'সংস্কার-যমক' এর উপর আলোচনা করতে গিয়ে কায়সংস্কার, বাক্যসংস্কার এবং চিত্তসংস্কারের উপর আলোচনা উপস্থাপিত হয়েছে। এ সকল ক্ষেত্রে শ্বাস-প্রশ্বাসকে কায়সংস্কার, বিতর্ক-বিচারকে বাক্যসংস্কার এবং বিতর্ক-বিচার ব্যতীত অবশিষ্ট চিত্তসংশিষ্ট সংজ্ঞা-বেদনাদি যাবতীয় ধর্মকে 'চিত্তসংস্কার' রূপে চিহ্নিত করা হয়েছে।

এ সকল সংস্কারের মূল যেই অবিদ্যা-তৃষ্ণা তথা লোভ-দ্বেষ-মোহ দুঃখমূলসমূহের উৎপত্তিকে চারি আর্যসত্যের প্রক্রিয়ায় সমূলে ধ্বংসের উপায় এভাবেই প্রদর্শিত হয়েছে :

Visit: http://www.buddhistdownload.com

যার কুশল, অকুশল, অব্যাকৃত সর্বপ্রকার চিত্তই উৎপত্তি-নিরোধের প্রবাহ সম্পূর্ণ থেমে যাবে তিনিই অর্হৎ।

যমক তৃতীয় খণ্ডে ধর্ম-যমকের উপর আলোচনা করতে গিয়ে কুশল ধর্ম, অকুশল ধর্ম এবং অব্যাকৃত ধর্মসমূহের উপর প্রশ্নোত্তরে আলোচনা করা হয়েছে। ইন্দ্রিয়-যমকের উপর আলোচনা করতে গিয়ে চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, মন, স্ত্রী, পুরুষ, জীবিত, সুখ, দুঃখ, সৌমনস্য, দৌর্মনস্য, উপেক্ষা, শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি, প্রজ্ঞা, অজ্ঞাতজ্ঞাতার্থী, লোকোত্তর জ্ঞান ও লোকোত্তর জ্ঞানী—এই ২২ প্রকার ইন্দ্রিয়ের উপর প্রশ্নোত্তরে আলোচনা করা হয়েছে।

পালি *ত্রিপিটক* নামক বৌদ্ধধর্ম ও দর্শনশাস্ত্রের মধ্যে দার্শনিক বিশেষ অংশটির নাম '*অভিধম্মপিটক*'। এতে *ধম্মসঙ্গণী*, *বিভঙ্গ*, *কথাবত্থু*, *ধাতুকথা*, *পুগ্গলপঞ্ঞত্তি*, *যমক* ও *পট্ঠান*। চিত্ত (চিন্তা ও ধারণা, প্রবৃত্তি), চৈতসিক (চিত্তগঠনের উপাদান), রূপ (চিত্ত-উৎপত্তির উৎস) এবং নির্বাণ (চিত্ত-উৎপত্তির চিরনিরুদ্ধভাব) ইত্যাদি বিষয় নিয়ে বিচার-বিশ্লেষণ এবং পরীক্ষণ-নিরীক্ষণের অভিজ্ঞতাসমূহ ধারণ করা হয়েছে।

পালি ভাষাকে বাংলা ভাষার জননী বলে দাবী করেন বিশ্বখ্যাত ভাষাবিদ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ প্রমুখ অনেক ভাষাবিজ্ঞানী। কিন্তু যীশু খ্রিষ্টের জন্মের পাঁচ/ছয়শত বছর পূর্বে মধ্যভারতীয় লোকমুখে প্রচলিত সেই মাগধী প্রাকৃত ভাষাটি কালের ও ভাষার বিবর্তনে আজ বহুলোকের অজ্ঞাত ভাষায় পরিণত হয়ে গেছে। তাই সেই পালিভাষায় ধারণকৃত সেকালের বুদ্ধবাণী বর্তমান বাংলা ভাষাভাষীদের নিকটে উপস্থাপন করতে গেলে ভিন্ন ভাষার ন্যায় অনুবাদেরই আশ্রয় নিতে হয়। পালি অভিধম্মপিটকে বিধৃত বৌদ্ধদর্শনকে বাংলা ভাষাভাষীদের সামনে তুলে ধরার প্রয়াসে এ যাবত *ধম্মসঙ্গনী* গ্রন্থের অনুবাদ করেছেন বিদর্শনাচার্য ভদন্ত শান্তরক্ষিত মহাথেরো, *পুগ্গলপঞ্ঞত্তি* গ্রন্থের অনুবাদ করেছেন পণ্ডিত ভদন্ত জ্যোতিপাল মহাথেরো, *ধাতুকথা* গ্রন্থের অনুবাদ করেছেন ডাক্তার সীতাংশু বিকাশ বড়ুয়া, *পট্ঠান* এর অংশ বিশেষ অনুবাদ করেছেন ডক্টর সুকোমল চৌধুরী। জানতে পারলাম *বিভঙ্গ* গ্রন্থের অনুবাদ করছেন একজন ভিক্ষু, আর *যমক* গ্রন্থের অনুবাদও সমাপ্ত হলো আমার প্রিয় অন্তেবাসী ভিক্ষু করুণাবংশের হাতে। বহুদিন ধরে আশা পোষণ করছিলাম *কথাবত্থু* গ্রন্থটির অনুবাদে আমি নিজেই হাত দেবো। কিন্তু পূজ্য

Visit: http://www.buddhistdownload.com

বনভন্তের অর্পিত দায়িত্ব বিনয়পিটকসংশিষ্ট *পারাজিকা অট্‌ঠকথা* গ্রন্থটির অনুবাদকর্ম শেষ করতে মাত্রাতিরিক্ত কালক্ষেপণের কারণে অদ্যাবধি তাতে অগ্রসর হতে পারলাম না। আমার এই বিলম্বের জন্যে আত্মকোন্দলপ্রিয়, আত্মঘাতী বড়ুয়া-রক্তই সবিশেষ দায়ী। বড়ুয়া-রক্তের এই বিষাক্ত তীরে বিদ্ধ হয়ে অগ্রমহাপণ্ডিত প্রজ্ঞালোক এবং মহাপণ্ডিত ধর্মাধারের কলম যেমন চিরতরে থেমে গিয়েছিল, সেই একই বিষাক্ত তীরটি নিক্ষিপ্ত হয়েছে আমি হতভাগ্যের প্রতিও। আমার প্রব্রজ্যা জীবনের জন্মতীর্থ রাংউ রাংকূটে আমার অবস্থানকে মেনে নিতে না পারা রামুর বিশিষ্ট ভিক্ষু ও তৎশিষ্য এবং দায়কগণ নিক্ষিপ্ত এই বিষাক্ত তীরের যন্ত্রণায় আমি অস্থির না হলেও আমার অনেক সময় ও মেধার অপচয় হয়ে গেল অনুবাদ নামক বুদ্ধশাসনের সেবাকর্মে। তবুও প্রার্থনা করি, বড়ুয়া-রক্ত এই মর্মান্তিক অভিশাপ থেকে মুক্ত হোক!

ভবতু সব্বমঙ্গলম!

২৫৫৫ বুদ্ধবর্ষের

প্রজ্ঞাবংশ মহাথেরো

৩০ জানুয়ারি ২০১২

অধ্যক্ষ, রাংউ রাংকূট মহাতীর্থ

রাজারকুল, রামু, কক্সবাজার

Visit: http://www.buddhistdownload.com

মুখবন্ধ

ইহা তিন খণ্ডবিশিষ্ট *যমক* গ্রন্থের তৃতীয় তথা শেষ খণ্ড। ইতিপূর্বে *যমক* গ্রন্থের প্রথম ও দ্বিতীয় খণ্ড প্রকাশিত হয়েছে। এই তৃতীয় খণ্ডটি প্রকাশের মধ্য দিয়ে সম্পূর্ণ *যমক* গ্রন্থটি প্রকাশিত হলো। ইহাতে হৃদয়ে অতিশয় আনন্দানুভব করছি। অভিধর্ম ও যমকসম্বন্ধে যথোচিত পরিচয় আমি প্রথম খণ্ডের মুখবন্ধে তুলে ধরেছি। অতএব এখানে তার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

যমক গ্রন্থে মোট দশটি বিষয়ের সন্নিবেশ আছে। তন্মধ্যে মূল-যমক, স্কন্ধ-যমক, আয়তন-যমক, ধাতু-যমক ও সত্য-যমক—এই পাঁচটি যমক প্রথম খণ্ডে এবং সংস্কার-যমক, অনুশয়-যমক ও চিত্ত-যমক—এই তিনটি যমক দ্বিতীয় খণ্ডে আলোচিত। ধর্ম-যমক ও ইন্দ্রিয়-যমক—এই দুটি যমক এই তৃতীয় খণ্ডে আলোচিত।

ধর্ম-যমকে মূলত তিনটি বিষয়ে আলোচিত হয়েছে সেগুলো হলো : কুশল ধর্ম, অকুশল ধর্ম ও অব্যাকৃত ধর্ম। তন্মধ্যে 'কুশল ধর্ম' হচ্ছে একুশ প্রকার কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত আটত্রিশটি চৈতসিক। 'অকুশল ধর্ম' হচ্ছে দ্বাদশ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত সাতাশটি চৈতসিক। আর 'অব্যাকৃত ধর্ম' হচ্ছে ছাপ্পান্ন প্রকার অহেতুক, বিপাক ও ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত চৈতসিকসমূহ, আটাশ প্রকার রূপ ও নির্বাণ। এই সমস্ত কুশলাকুশল, অব্যাকৃত পরমার্থ ধর্মের অনুপুঙ্খ বিশ্লেষণ আছে এই ধর্ম-যমকে। প্রজ্ঞপ্তি বার, প্রবর্তন বার ও ভাবনা বার প্রথমে এই তিনটি বার ধরে আলোচনা এগিয়ে গিয়েছে। তারপর উক্ত প্রত্যেক মহাবারে পদশোধন বার, পদশোধন মূলচক্র বার প্রভৃতি, কালানুসারে বর্তমান বার, অতীত বার প্রভৃতি এবং অনুলোম ও প্রত্যানীক প্রভৃতি প্রকারে এক বহুমাত্রিক বৈচিত্রপূর্ণ আলোচনা পদ্ধতি অনুসৃত হয়েছে। কয়েকটি উদাহরণ দেওয়ার লোভ সামলাতে পারছি না। যেমন :

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?
না।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি ? না।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি ? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি ? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি ? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি ?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল উৎপন্ন হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

ইহার তাৎপর্য এই যে, অসংজ্ঞসত্ত্বগণের অসংজ্ঞসত্ত্ব ভূমিতে প্রতিসন্ধি ও প্রবর্তনের সময় শুধু অব্যাকৃত ধর্ম **'জীবিত নবক'** নামক রূপকলাপই উৎপন্ন হয়, কুশলাকুশল কোনো চিত্তই সেখানে উৎপন্ন হয় না। সে কারণেই এমনটি বলা হয়েছে।

ইন্দ্রিয়-যমকের মূল আলোচ্য বিষয় বাইশটি ইন্দ্রিয়, যথা : চক্ষেন্দ্রিয়, শ্রোত্রেন্দ্রিয়, ঘ্রাণেন্দ্রিয়, জিহ্বান্দ্রিয়, কায়েন্দ্রিয়, স্ত্রীন্দ্রিয়, পুরুষেন্দ্রিয়, জীবিতেন্দ্রিয়, মনেন্দ্রিয়, সুখিন্দ্রিয়, দুঃখিন্দ্রিয়, সৌমনস্যিন্দ্রিয়, দৌর্মনস্যিন্দ্রিয়, উপেক্ষিন্দ্রিয়, শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতিন্দ্রিয়, সমাধিন্দ্রিয়, প্রজ্ঞেন্দ্রিয়, অজ্ঞাতজ্ঞাতার্থীন্দ্রিয়, লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। ইন্দ্রত্ব করে বা আধিপত্য করে এই অর্থে 'ইন্দ্রিয়'। কোথায় ইন্দ্রত্ব করে? চক্ষু দর্শন-কৃত্য সম্পাদনে চক্ষুবিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত চৈতসিকাদির উৎপত্তিতে ইন্দ্রত্ব বা আধিপত্য করে। অতএব চক্ষু ইন্দ্রিয়। অর্থাৎ চক্ষু দুর্বল হলে তদুৎপন্ন বিজ্ঞানও দুর্বল হয়। ঠিক তদ্রুপ শ্রোত্র (কর্ণ) শ্রবণ-কৃত্য সম্পাদনে, ঘ্রাণ (নাক) ঘ্রাণ-কৃত্য সম্পাদনে, জিহ্বা আস্বাদন-কৃত্য সম্পাদনে, কায় স্পর্শন-কৃত্য সম্পাদনে সেই সেই বিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত চৈতসিকাদির উৎপত্তিতে ইন্দ্রত্ব করে বা আধিপত্য করে। অতএব ইহারা ইন্দ্রিয়। মন সহজাত-চৈতসিকের উপর আধিপত্য করে বিধায় ইহা মনেন্দ্রিয়। স্ত্রীভাব ও পুংভাব

Visit: http://www.buddhistdownload.com

নামক ভাবরূপদ্বারকে ইন্দ্রিয় বলা হয়েছে, কারণ ইহারা স্ত্রী-জনোচিত ও পুরুষোচিত আকারাদির গঠনে ও বিশেষত্ব সম্পাদনে আধিপত্য করে। অতএব ইহারা যথাক্রমে স্ত্রীন্দ্রিয় ও পুরুষেন্দ্রিয়। জীবিতেন্দ্রিয় অর্থ জীবনীশক্তি। এই জীবিতেন্দ্রিয় দুই প্রকার, যথা : রূপ-জীবিতেন্দ্রিয় ও নাম-জীবিতেন্দ্রিয়। রূপ-জীবিতেন্দ্রিয় রূপকায়ের জীবনীশক্তিরূপে ইহার সন্ততি তথা প্রবাহের জন্য অন্যান্য রূপের উপর আধিপত্য করে। আর নাম-জীবিতেন্দ্রিয় চিত্তপ্রবাহ পুনঃপুন ভঙ্গ হলেও এই শক্তির বলে, স্কন্ধের নির্বাণ না হওয়া পর্যন্ত পুনঃপুন উৎপন্ন হতে থাকে। এই চিত্ত-সন্ততির উপর ইন্দ্রত্ব বা আধিপত্য করে বলেই ইহাকে নাম-জীবিতেন্দ্রিয় বলা হয়। সুখ, দুঃখ, সৌমনস্য, দৌর্মনস্য বেদনা চৈতসিককে ইন্দ্রিয় বলা হয়েছে, কারণ ইহারা নিজ নিজ সহজাত ধর্মকে অভিভূত করে স্ব স্ব স্থূলভাব অনুভব করায়। উপেক্ষা বেদনাকে ইন্দ্রিয় বলা হয়েছে, কারণ ইহা সহজাত চিত্ত-চৈতসিককে শান্ত, প্রণীত, নিরপেক্ষভাব প্রাপ্ত করায়। শ্রদ্ধেন্দ্রিয় অশ্রদ্ধাকে পরাভূত করে সম্প্রযুক্ত চিত্ত-চৈতসিকের প্রসন্নতা আনয়ন করে। 'বীর্য' আলস্যকে পরাজিত করতে, 'স্মৃতি' আলম্বনকে নিত্য উপস্থিত রাখতে, 'একাগ্রতা' আলম্বনে চিত্তের নিশ্চল অবস্থানে ইন্দ্রত্ব করে। 'প্রজ্ঞা' মোহ-বিধ্বংসনে সম্প্রযুক্ত চিত্ত-চৈতসিকের উপর আধিপত্য করে। অজ্ঞাতকে তথা চারি আর্যসত্যকে জানব বলে উৎপন্ন 'অমোহ চিত্ত' ইন্দ্রত্ব প্রাপ্ত হলে সংযোজনত্রয় (সৎকায়দৃষ্টি, শীলব্রত পরামর্শ ও বিচিকিৎসা) ছিন্ন করতে পারে এবং সহজাত চৈতসিকগুলোকে এই ছেদন কার্যাভিমুখী করে তাদের উপর ইন্দ্রত্ব করে। ইহা স্রোতাপত্তিমার্গস্থ 'অমোহ' চৈতসিক। ইহাই অজ্ঞাতজ্ঞাতার্থীন্দ্রিয়। লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় কামরাগ, ব্যাপাদ প্রভৃতি সংযোজনকে দুর্বল করে এবং সহজাত-ধর্মকে নিজের বশবর্তী করে। ইহা উপরের তিন মার্গস্থ বা সকৃদাগামী, অনাগামী ও অর্হত্ত্বমার্গস্থ এবং নিচের তিন ফলস্থ বা অনাগামী, সকৃদাগামী ও স্রোতাপত্তিফলস্থ 'অমোহ' চৈতসিক লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় সর্বকাজে ঔৎসুক্য ধ্বংস করে সহজাত-ধর্মকে অমৃতাভিমুখী করে। ইহাই অর্হত্ত্বফলস্থ 'অমোহ' চৈতসিক।

প্রত্যেক সত্ত্বকে আর্যভূমি লাভ করতে চাইলে সর্বপ্রথম দেহস্থ ইন্দ্রিয়সমূহ বুঝতে হয়। এজন্য চক্ষু প্রভৃতি পঞ্চেন্দ্রিয় সর্বাগ্রে উল্লিখিত হয়েছে। তারপর প্রত্যেক সত্ত্ব স্ত্রী নয় পুরুষ। এজন্য এই দুই ইন্দ্রিয় তারপরই স্থান পেয়েছে। কিন্তু উক্ত সপ্ত ইন্দ্রিয় জীবিতেন্দ্রিয়-প্রতিবদ্ধ। যতদিন জীবিতেন্দ্রিয় প্রবহমান থাকে, ততদিন সুখ-দুঃখাদি বেদনাও বিদ্যমান থকে। এই বেদনা কীরূপে

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রত্ব করে তা বুঝা প্রয়োজন। বিশ্লেষণ করে দেখলে প্রমাণিত হয় যে, সর্ববিধ বেদনাই দুঃখ। **'সুখা বেদনা ঠিতা সুখা, বিপরিণাম দুক্খা।'** এই দুঃখ অতিক্রম করতে হলে শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি ও প্রজ্ঞার শুধু প্রয়োজনই নয়, অনুশীলনে তাদের ইন্দ্রত্বে পরিপুষ্ট করা অপরিহার্য। ইহাদের ইন্দ্রত্ব লাভে উচ্চাশা নির্ধারণের শক্তি লাভ হয়, 'অজ্ঞাতকে জানব' এই সংকল্প জাগে। এই সংকল্প ইন্দ্রত্ব অবস্থাই লোকোত্তরের প্রথম মার্গে তথা স্রোতাপত্তিমার্গে উপনীত করে। এই মার্গ যেই পরিপক্ব জ্ঞান প্রদান করে, সেই 'লোকোত্তর জ্ঞানেন্দ্রিয়' ইহার পরেই স্থান পেয়েছে। এই 'লোকোত্তর জ্ঞানেন্দ্রিয়' গভীরভাবে অনুশীলন করলে 'লোকোত্তর জ্ঞানীন্দ্রিয়' পূর্ণতাপ্রাপ্ত হয়। ইহাই অর্হতের অবস্থা।

এই বাইশটি ইন্দ্রিয়সম্বন্ধে সবিস্তার আলোচনা আছে এই ইন্দ্রিয়-যমকে। এই বাইশটি ইন্দ্রিয়ের সংজ্ঞা-নির্ণয়, সম্বন্ধ-বিচার, কখন, কোথায়, কোন পুদ্গালের উৎপন্ন হয় বা হয় না প্রভৃতি বিষয় পারমার্থিক দৃষ্টিতে বিচার-বিশ্লেষণ করা হয়েছে। পাঠকদের অবগতির জন্য কয়েকটি দৃষ্টান্ত দেওয়া যাক :

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় কি?
উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অশ্রোত্রক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সশ্রোত্রক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়।
(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?
উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সশ্রোত্রক ও সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

ইহার তাৎপর্য এই যে, যেই সত্ত্বগণ সচক্ষুক কিন্তু বধির হয়ে জন্ম নেয়, তাদের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না। আর যেই সত্ত্বগণ সশ্রোত্রক কিন্তু অন্ধ হয়ে জন্ম নেয়, তাদের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না।

ত্রিরত্নের প্রতি শ্রদ্ধাতদ্গতচিত্ত মুক্তিকামী প্রত্যেক উপাসক-উপাসিকার পরম পবিত্র দায়িত্বগুলোর মধ্যে একটি হচ্ছে বুদ্ধশাসনের উন্নতি-শ্রীবৃদ্ধি ও

Visit: http://www.buddhistdownload.com

স্থিতিকল্পে শক্তিপ্রমাণে সহায়তার হাতটি উদার চিত্তে প্রসারিত করা। আর এই পরম পবিত্র দায়িত্বটি পালনে ব্রতী হয়েছেন *সংঘশক্তি প্রকাশনী*র স্বত্বাধিকারী শিল্পপতি শ্রদ্ধাবান উপাসক বাবু ঝুলন কান্তি বড়ুয়া। তিনি সমগ্র ত্রিপিটক বাংলায় প্রকাশ করে বিনামূল্যে বিতরণের এক মহতী উদ্যোগ হাতে নিয়েছেন। তারই অংশ হিসেবে এই *যমক* তৃতীয় খণ্ড গ্রন্থটি প্রকাশের সার্বিক ব্যয়ভার তিনি অত্যন্ত শ্রদ্ধার সাথে বহন করেছেন। শাসনদরদী চিত্ত নিয়ে বুদ্ধশাসনের উন্নতি-শ্রীবৃদ্ধি ও স্থিতিকল্পে এমন এক প্রশংসনীয় মহতী উদ্যোগ হাতে নেওয়ায় তিনি যে বৌদ্ধ আমজনতার নিকট প্রশংসার্হ হয়ে চিরদেদীপ্যমান হয়ে থাকবেন, এতে কোনো সন্দেহ নেই। আমি তাঁর এই মহতী উদ্যোগের সফল বাস্তবায়ন কামনা করছি এবং আশীর্বাদসহ অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বানানশুদ্ধির বেলায় বন্ধুভাজন শ্রদ্ধেয় শ্রীমৎ সংকিচ্ছ স্থবির মহোদয় আমাকে যথেষ্ট সহায়তা করেছেন। স্নেহভাজন শ্রীমৎ জ্ঞানলোক ভিক্ষুও আমাকে বিভিন্নভাবে আন্তরিক সহায়তা করেছেন। আমি উভয়ের নিকট অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। *যমক* প্রথম ও দ্বিতীয় খণ্ডটির মতো এই তৃতীয় খণ্ডটিও অত্যন্ত যত্নের সাথে কম্পিউটার কম্পোজ করে দিয়েছেন স্নেহভাজন শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ। আমি তার প্রতিও আশীর্বাদসহ আশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ইতি

ভদন্ত করুণাবংশ ভিক্ষু

৩০ জুলাই ২০১২

Visit: http://www.buddhistdownload.com

প্রকাশকের নিবেদন

ভগবান তথাগত সম্যকসম্বুদ্ধের আদি, মধ্য ও অন্তিমবাণীসমূহের সামষ্টিক নাম ত্রিপিটক। বিনয়পিটকের পঞ্চখণ্ড, সুত্রপিটকের পঞ্চনিকায় এবং অভিধর্মপিটকের সপ্তখণ্ড মূল ত্রিপিটক হিসেবে আখ্যায়িত। অভিধর্ম ত্রিপিটকের তৃতীয় মূখ্য ভাগ। সাত খণ্ডবিশিষ্ট অভিধর্মপিটকের মধ্যে *যমক* গ্রন্থে যুগল প্রশ্নোত্তরের মাধ্যমে ধর্মকে বিশ্লেষণ করা হয়েছে। 'যমক' শব্দের অর্থ যমজ বা জোড়া। *যমক-প্রকরণে* প্রশ্নগুলো জোড়ায় জোড়ায় বিশ্লেষণ করা হয়েছে, যেমন : (১) সব কুশল ধর্ম কি কুশলমূল? সব কুশমূল কি কুশল ধর্ম? মূল-যমক, স্কন্ধ-যমক, আয়তন-যমক, ধাতু-যমক, সত্য-যমক, সংস্কার-যমক, অনুশয়-যমক, চিত্ত-যমক, ধর্ম-যমক এবং ইন্দ্রিয়-যমক এর আলোচ্য বিষয়বস্তু।

পালি ভাষায় সুমহান বুদ্ধবাণীর ত্রিপিটক গ্রন্থসমূহ বাংলা ভাষায় অনুবাদ, প্রকাশনা ও প্রচারের সমন্বিত উদ্যোগ গ্রহণ করেছিলেন জ্ঞানতাপস অগ্রমহাপন্ডিত শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবির। পরবর্তী সময়ে আরো জ্ঞানী, গুণী, পালি ভাষাভিজ্ঞ পণ্ডিত মনিষীদের অক্লান্ত প্রচেষ্টায় ত্রিপিটকের অধিকাংশ বই বাংলায় অনুবাদ করে প্রকাশ ও প্রচার করা হয়েছে। বর্তমানে বাংলাদেশী বৌদ্ধদের ধর্মীয় জাগরণসৃষ্টিকারী পরম পূজনীয় বনভন্তের প্রেরণায় ও নির্দেশনায় রাঙামাটি রাজবন বিহারে প্রাজ্ঞ ভিক্ষুসংঘ পিটকীয় গ্রন্থসমূহের অনুবাদ কাজে নিয়োজিত আছেন। ইতিমধ্যে ***বনভন্তে প্রকাশনী*** হতে বিভিন্ন মূল্যবান ধর্মগ্রন্থের সাথে অনূদিত পিটকীয় গ্রন্থসমূহ প্রকাশ ও প্রচার করার কার্যক্রম এগিয়ে চলছে। পরম পূজনীয় বনভন্তের আশীর্বাদ ও প্রেরণায় এবং পরম পূজ্যস্পাদ পণ্ডিত শ্যীমৎ প্রজ্ঞাবংশ মহাথেরোর সঠিক দিকনির্দেশনায় ও তত্ত্বাবধানে ত্রিপিটকের বঙ্গানুবাদকৃত গ্রন্থসমূহ সমন্বিতভাবে প্রকাশ ও বিনামূল্যে বিতরণের জন্য ***সংঘশক্তি প্রকাশনা*** নামে একটি প্রকাশনা সংস্থার এই কার্যক্রম এগিয়ে চলেছে। ইতিমধ্যে নবপ্রতিষ্ঠিত ***সংঘশক্তি প্রকাশনী*** হতে শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাস্থবির, শ্রীমৎ সত্যপ্রিয় মহাস্থবির, শ্রীমৎ প্রজ্ঞাবংশ মহাস্থবির, শ্রীমৎ বুদ্ধবংশ ভিক্ষু এবং শ্রীমৎ করুণাবংশ ভিক্ষু পবিত্র বিনয়পিটকের বঙ্গানুবাদকৃত গ্রন্থগুলো যথাক্রমে *মহাবর্গ*, *চুল্লবর্গ*, *পরিবার পাঠ* ও *ভিক্ষুণী বিভঙ্গ*, *পারাজিকা* এবং *পাচিত্তিয়* সমন্বিত আকারে একখণ্ডে ***বিনয***

Visit: http://www.buddhistdownload.com

পিটক নামে প্রকাশিত হয়েছে। ত্রিপিটকের যে-সকল গ্রন্থ এখনো বঙ্গানুবাদ করা হয়নি, সে-সকল গ্রন্থের বঙ্গানুবাদ কার্যক্রমে সহযোগিতা প্রদান *সংঘশক্তি প্রকাশনী*র অন্যতম লক্ষ্য।

বিনয়পিটকের *পাচিত্তিয়*, *আধুনিক পালি ভাষা শিক্ষা* (১ম ও ২য় খণ্ড), *উচ্চতর পালি ভাষা শিক্ষা*, *পরিবাস দীপনী* ও *সানুবাদ কম্মবাচা*, *পট্ঠানুদ্দেসদীপনী* এবং *যমক* (তিন খণ্ড) প্রভৃতি গ্রন্থের অনুবাদক ভদন্ত করুণাবংশ ভিক্ষু একজন অনন্য পণ্ডিত ব্যক্তিত্ব। তিনি একজন সাধক, গবেষক, লেখক ও অনুবাদক। অভিধর্মপিটকের প্রত্যেকটি বিষয়বস্তু অত্যন্ত গভীর ও তাৎপর্যপূর্ণ। বৌদ্ধদর্শনের পরমার্থসত্য বিষয়ে বিশ্লেষিত ও ব্যাখ্যাত এই গ্রন্থের অনুবাদ তাঁর মতো পণ্ডিত ব্যক্তিত্বের পক্ষেই সম্ভব। তাই এই মূল্যবান গ্রন্থটি আমাদের প্রকাশনী হতে প্রকাশ করার সুযোগ পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি। পরম শ্রদ্ধেয় অনুবাদক ভদন্ত করুণাবংশ ভিক্ষুর প্রতি আমার সকৃতজ্ঞ বন্দনা এবং গ্রন্থপ্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক সাধুবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

যমক গ্রন্থের এই প্রকাশনা ছাড়াও ত্রিপিটকের সূত্রপিটক ও অভিধর্মপিটকের সকল গ্রন্থসমূহ *সংঘশক্তি প্রকাশনী*র মাধ্যমে সমন্বিত আকারে প্রকাশ ও প্রচার করার যে-পদক্ষেপ আমরা গ্রহণ করেছি তা পর্যায়ক্রমে বাস্তবায়নের পথে এগিয়ে চলছে। এ ধর্মীয় জাগরণের অগ্রযাত্রায় আমরা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও আশীর্বাদ কামনা করছি।

আমার এ সকল ধর্মীয় কার্যক্রমে উৎসাহ, প্রেরণাসহ সার্বিক সহযোগিতা প্রদান করে আসছেন আমার সাথে মধ্যপ্রাচ্যের ওমানে বসবাসরত আমার সহধর্মিনী শ্রীমতি বিউটি বড়ুয়া।

ধর্মদান সমস্ত দানকে অতিক্রম করে। সম্যকসম্বুদ্ধের এই অমোঘ বাণীতে অনুপ্রাণিত হয়ে কামনা করছি, এই ধর্মদানের ফলে সম্যকদৃষ্টিপরায়ণ হয়ে বুদ্ধের শিক্ষা ও আদর্শজ্ঞানে জ্ঞানী হয়ে সকলের দুঃখমুক্তি নির্বাণ লাভের হেতু হোক।

জগতের সকল প্রাণী সুখী হোক!

তারিখ : নিবেদক

০২. ১১. ২০১২ ইংরেজি **ঝুলন কান্তি বড়ুয়া**

স্বত্বাধিকারী, সংঘশক্তি প্রকাশনী

বৈদ্যপাড়া, বোয়ালখালী, চট্টগ্রাম

Visit: http://www.buddhistdownload.com

সূচিপত্র

৯। ধর্ম-যমক

১। প্রজ্ঞপ্তি বার

(ক) উদ্দেশ

১। পদশোধন বার.....২০
২। পদশোধন মূলচক্র বার.....২১
৩। সুদ্ধধর্ম বার.....২১
৪। সুদ্ধধর্ম মূলচক্র বার.....২২

(ক) নির্দেশ

১। পদশোধন বার.....২৩
২। পদশোধন মূলচক্র বার.....৩৪
৩। সুদ্ধধর্ম বার.....২৫
৪। সুদ্ধধর্ম মূলচক্র বার.....২৬
২। প্রবর্তন বার ১। উৎপত্তি বার.....২৭
(১) বর্তমান বার.....২৭
(২) অতীত বার.....৩৩
(৩) ভবিষ্যৎ বার.....৩৭
(৪) বর্তমান-অতীত বার.....৪১
(৫) বর্তমান-ভবিষ্যৎ বার.....৪৪
(৬) অতীত-ভবিষ্যৎ বার.....৪৯
২। নিরোধ বার.....৫২
(১) বর্তমান বার.....৫২
(২) অতীত বার.....৫৭

Visit: http://www.buddhistdownload.com

(৩) ভবিষ্যৎ বার ৬১
(৪) বর্তমান-অতীত বার.....৬৫
(৫) বর্তমান-ভবিষ্যৎ বার.....৬৮
(৬) অতীত-ভবিষ্যৎ বার ৭৫
৩। উৎপত্তি-নিরোধ বার ৭৬
(১) বর্তমান বার.....৭৬
(২) অতীত বার.....৮০
(৩) ভবিষ্যৎ বার ৮৪
(৪) বর্তমান-অতীত বার..... ৮৮
(৫) বর্তমান-ভবিষ্যৎ বার.....৯১
(৬) অতীত-ভবিষ্যৎ বার ৯৫
৩। ভাবনা বার.....৯৯

১০। ইন্দ্রিয়-যমক

১। প্রজ্ঞপ্তি বার

(ক) উদ্দেশ

১। পদশোধন বার.....১০০
২। পদশোধন মূলচক্র বার ১০৩
৩। সুদ্ধ-ইন্দ্রিয় বার ১১০
৪। সুদ্ধ-ইন্দ্রিয় মূলচক্র বার.....১১৩

(খ) নির্দেশ

১। পদশোধন বার.....১১৯
২। পদশোধন মূলচক্র বার ১২৩
৩। সুদ্ধ-ইন্দ্রিয় বার ১৩৫
৪। সুদ্ধ-ইন্দ্রিয় মূলচক্র বার.....১৪০
২। প্রবর্তন বার ১। উৎপত্তি বার.....১৫২
(১) বর্তমান বার.....১৫২
(২) অতীত বার
(৩) ভবিষ্যৎ বার ২৪০

Visit: http://www.buddhistdownload.com

(৪) বর্তমান-অতীত বার.....২৮৫
(৫) বর্তমান-ভবিষ্যৎ বার.....৩১১
(৬) অতীত-ভবিষ্যৎ বার ৩৬৭
৩। পরিজ্ঞা বার.....৩৯৭
১। বর্তমান বার.....৩৯৭
২। অতীত বার ৪০২
৩। ভবিষ্যৎ বার ৪০৭
৪। বর্তমান-অতীত বার ৪১১
৫। বর্তমান-ভবিষ্যৎ বার ৪১৬
৬। অতীত-ভবিষ্যৎ বার ৪২১

* * *

Visit: http://www.buddhistdownload.com

"সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা"

অভিধর্মপিটকে

যমক

[তৃতীয় খণ্ড]

৯। ধর্ম-যমক

১। প্রজ্ঞপ্তি বার

(ক) উদ্দেশ

১। পদশোধন বার

(ক) অনুলোম

১। (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম?
(খ) সর্ববিধ কুশল ধর্মই কি কুশল?
(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম?
(খ) সর্ববিধ অকুশল ধর্মই কি অকুশল?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম?
(খ) সর্ববিধ অব্যাকৃত ধর্মই কি অব্যাকৃত?

(খ) প্রত্যানীক

২। (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি?
(খ) যা কুশল ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি?
(খ) যা অকুশল ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
(খ) যা অব্যাকৃত ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?

Visit: http://www.buddhistdownload.com

২। পদশোধন মূলচক্র বার

(ক) অনুলোম

৩। (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?
(ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?
৪। (ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?
(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?
৫। (ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?

(খ) প্রত্যানীক

৬। (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
৭। (ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
৮। (ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল ধর্ম নয় কি?

৩। সুদ্ধধর্ম বার

(ক) অনুলোম

৯। (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম?

Visit: http://www.buddhistdownload.com

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?
(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

(খ) প্রত্যানীক

১০। (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?

৪। সুদ্ধধর্ম মূলচক্র বার

(ক) অনুলোম

১১। (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?
(ক) সর্ববিধ কুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?
১২। (ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?
(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?
১৩। (ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

(খ) প্রত্যানীক

১৪। (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

Visit: http://www.buddhistdownload.com

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?
১৫। (ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?
১৬। (ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?

(ক) নির্দেশ

১। পদশোধন বার

(ক) অনুলোম

১৭। (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ কুশল ধর্মই কি কুশল? হ্যাঁ।
(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ অকুশল ধর্মই কি অকুশল? হ্যাঁ।
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ অব্যাকৃত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

(খ) প্রত্যানীক

১৮। (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি? হ্যাঁ।
(খ) যা কুশল ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।
(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।
(খ) যা অকুশল ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।
(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।
(খ) যা অব্যাকৃত ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

২। পদশোধন মূলচক্র বার

(ক) অনুলোম

১৯। (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অক্যাকৃত ধর্ম নয়।

২০। (ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অক্যাকৃত ধর্ম নয়।

২১। (ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(খ) প্রত্যানীক

২২। (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

২৩। (ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

২৪। (ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

৩। সুদ্ধধর্ম বার

(ক) অনুলোম

২৫। (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু ধর্ম ও অক্যাকৃত ধর্ম।

(খ) প্রত্যানীক

২৬। (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

কুশল ব্যতীত বাকি ধর্মসমূহ কুশল নয় বটে, তবে ধর্ম। কুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু কুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?

অকুশল ব্যতীত বাকি ধর্মসমূহ অকুশল নয় বটে, তবে ধর্ম। অকুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অকুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?

অব্যাকৃত ব্যতীত বাকি ধর্মসমূহ অব্যাকৃত নয় বটে, তবে ধর্ম। অব্যাকৃত ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অব্যাকৃতও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

৪। সুদ্ধধর্ম মূলচক্র বার

(ক) অনুলোম

২৭। (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ কুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অক্যাকৃত ধর্ম নয়।

২৮। (ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অক্যাকৃত ধর্ম নয়।

২৯। (ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(খ) প্রত্যানীক

৩০। (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

কুশল ব্যতীত বাকি ধর্মসমূহ কুশল নয় বটে, তবে ধর্ম। কুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু কুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

কুশল ব্যতীত বাকি ধর্মসমূহ কুশল নয় বটে, তবে ধর্ম। কুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু কুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

৩১। (ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?

অকুশল ব্যতীত বাকি ধর্মসমূহ অকুশল নয় বটে, তবে ধর্ম। অকুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অকুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?

অকুশল ব্যতীত বাকি ধর্মসমূহ অকুশল নয় বটে, তবে ধর্ম। অকুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অকুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

৩২। (ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?

অব্যাকৃত ব্যতীত বাকি ধর্মসমূহ অব্যাকৃত নয় বটে, তবে ধর্ম। অব্যাকৃত ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অব্যাকৃতও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?

অব্যাকৃত ব্যতীত বাকি ধর্মসমূহ অব্যাকৃত নয় বটে, তবে ধর্ম। অব্যাকৃত ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অব্যাকৃতও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

[প্রজ্ঞপ্তি নির্দেশ বার]

২। প্রবর্তন বার ১। উৎপত্তি বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

৩৩। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৩৪। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৩৫। (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়

Visit: http://www.buddhistdownload.com

না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৩৬। (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৩৭। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৩৮। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়,

Visit: http://www.buddhistdownload.com

অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৩৯। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, কুশল-বিপ্রযুক্ত ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, অকুশল-বিপ্রযুক্ত ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না

Visit: http://www.buddhistdownload.com

বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

৪০। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৪১। (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।[১]

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? নেই।

৪২। (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম

---

[১]। ইহা অসংজ্ঞসত্ত্ব ভূমি সম্বন্ধে বলা হয়েছে। সেজন্য এখানে 'হ্যাঁ' উত্তর করা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।[২]

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? নেই।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৪৩। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, কুশল-বিপ্রযুক্ত ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, অকুশল-বিপ্রযুক্ত ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে

---

[২]। ইহাও অসংজ্ঞসত্ত্ব ভূমি সম্বন্ধেই বলা হয়েছে। কারণ সেখানে শুধু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। *[যমক-অট্ঠকথা]*

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

৪৪। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৪৫। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

৪৬। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অনুলোম-স্থান

৪৭। (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

৪৮। (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪৯। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত[৩] বিদ্যমান থাকা অবস্থায় সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

---

[৩]। 'দ্বিতীয় অকুশল চিত্ত' অর্থে ভবকে আস্বাদ করে উৎপন্ন ভবনিকন্তি নামক জবনের দ্বিতীয় জবন চিত্ত। *[যমক-অট্ঠকথা]*

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত[৪] বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

৫০। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৫১। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার কি কুশল ধর্ম উৎপন্ন

---

[৪]। 'দ্বিতীয় চিত্ত' অর্থে প্রতিসন্ধির পর থেকে দ্বিতীয় ভবাঙ্গচিত্ত। অথবা প্রতিসন্ধির পর ভবাঙ্গকে বিপাক বশে একচিত্ত হিসেবে ধরলে ভবনিকন্তিড়র আবর্তন চিত্ত। ইহা অব্যাকৃত জাতীয় ক্রিয়াচিত্ত হওয়ার কারণে বিপাক অনুসারে দ্বিতীয় চিত্ত নাম প্রাপ্ত হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

Visit: http://www.buddhistdownload.com

হয়নি? নেই।

৫২। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(ঙ) প্রত্যানীক-স্থান

৫৩। (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

৫৪। (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৫৫। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্মও উৎপন্ন হয়নি, অকুশল ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি?

Visit: http://www.buddhistdownload.com

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়নি, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

৫৬। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়নি, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৫৭। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে, তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে[৫] অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হবে।

---

[৫]। ইহা অর্পণাজবনের গোত্রভূচিত্তকে লক্ষ্য করে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

Visit: http://www.buddhistdownload.com

৫৮। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অনুলোম-স্থান

৫৯। (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হবে।

৬০। (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৬১। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

Visit: http://www.buddhistdownload.com

যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হবে।

৬২। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৬৩। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, কুশল ধর্মও উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হবে না।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হবে না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

৬৪। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

৬৫। (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উপন্ন হবে না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হবে না? নেই।

৬৬। (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না?

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

Visit: http://www.buddhistdownload.com

৬৭। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, কুশল ধর্মও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হবে না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

৬৮। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না ? হ্যাঁ।

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৬৯। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার কুশল ধর্ম উৎপন্ন হয়

Visit: http://www.buddhistdownload.com

কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৭০। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৭১। যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৭২। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না।

Visit: http://www.buddhistdownload.com

কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৭৩। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৭৪। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? নেই।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? নেই।

৭৫। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? নেই।

Visit: http://www.buddhistdownload.com

(ঙ) প্রত্যানীক-স্থান

৭৬। যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? . . .।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৭৭। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভুমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

৭৮। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

Visit: http://www.buddhistdownload.com

(ক) অনুলোম-পুদ্গল

৭৯। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। কুশলের উৎপত্তিক্ষণে অপরাপর সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হয়।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৮০। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৮১। যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৮২। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অকুশল ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। কুশলের উৎপত্তিক্ষণে অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

৮৩। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৮৪। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে,

Visit: http://www.buddhistdownload.com

নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে অর্হত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

৮৫। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

৮৬। যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? . . .।

Visit: http://www.buddhistdownload.com

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৮৭। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

৮৮। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হবে না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৮৯। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের এবং যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

৯০। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

৯১। যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

Visit: http://www.buddhistdownload.com

৯২। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের এবং যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

৯৩। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৯৪। (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি?উৎপন্ন হয়েছিল।

৯৫। (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ঙ) প্রত্যানীক-স্থান

৯৬। যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? . . .।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৯৭। (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়নি, অকুশল ধর্মও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি

Visit: http://www.buddhistdownload.com

কুশল ধর্ম উৎপন্ন হয়নি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের এবং যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশলধর্মও উৎপন্ন হবে না, কুশল ধর্মও উৎপন্ন হয়নি।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি?উৎপন্ন হয়েছিল।

৯৮। (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

২। নিরোধ বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

৯৯। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি? না।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি? না।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় কি?

অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয়, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

১০০। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় কি?

অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অনুলোম-স্থান

১০১। (ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

১০২। (ক) যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

Visit: http://www.buddhistdownload.com

১০৩। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি? না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি? না।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় কি?

অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

১০৪। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় কি?

অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১০৫। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

Visit: http://www.buddhistdownload.com

অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে, কুশল-বিপ্রযুক্ত ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অকুশল-বিপ্রযুক্ত ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না, কুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না, কুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

১০৬। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না, অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১০৭। (ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না? নিরুদ্ধ হয়।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না, সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না? নেই।

১০৮। (ক) যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না? নিরুদ্ধ হয়।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না, সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না? নেই।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১০৯। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে, কুশল-বিপ্রযুক্ত ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে,

Visit: http://www.buddhistdownload.com

অকুশল-বিপ্রযুক্ত ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না, কুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না, কুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

১১০। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

অরূপ ভূমিতে অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ ভূমিতে কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয় না, অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

(২) অতীত বার

Visit: http://www.buddhistdownload.com

(ক) অনুলোম-পুদ্গল

১১১। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

১১২। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

১১৩। (ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল।

১১৪। (ক) যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত

Visit: http://www.buddhistdownload.com

ধর্মও নিরুদ্ধ হয়েছিল, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১১৫। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল।

১১৬। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

Visit: http://www.buddhistdownload.com

১১৭। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

১১৮। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

(ঙ) প্রত্যানীক-স্থান

১১৯। (ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

১২০। (ক) যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নেই।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১২১। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি তা নয়।

Visit: http://www.buddhistdownload.com

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয়নি, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয়নি, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? হ্যাঁ।

১২২। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়নি, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? হ্যাঁ।

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১২৩। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের কুশল ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হবে অকুশল ধর্মও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার কুশল ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার কুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, কুশল ধর্মও নিরুদ্ধ হবে।

১২৪। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, অকুশল ধর্মও নিরুদ্ধ হবে।

(খ) অনুলোম-স্থান

১২৫। যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে, সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১২৬। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হবে, অকুশল ধর্মও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, অর্হত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে

Visit: http://www.buddhistdownload.com

অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, কুশল ধর্মও নিরুদ্ধ হবে।

১২৭। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, অকুশল ধর্মও নিরুদ্ধ হবে।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১২৮। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অর্হৎগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হবে না, কুশল ধর্মও নিরুদ্ধ হবে না।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অর্হৎগণের কুশল ধর্ম নিরুদ্ধ হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হবে না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

১২৯। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ

Visit: http://www.buddhistdownload.com

লাভ করবেন এমন সত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হবে না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৩০। যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না, সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না? . . .।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৩১। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হবে না, কুশল ধর্মও নিরুদ্ধ হবে না।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হবে না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

১৩২। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ

Visit: http://www.buddhistdownload.com

হবে না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হবে না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে না, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না ? হ্যাঁ।

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

১৩৩। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

১৩৪। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু

Visit: http://www.buddhistdownload.com

অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অনুলোম-স্থান

১৩৫। যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১৩৬। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

১৩৭। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়েছিল, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৩৮। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না? নেই।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না? নেই।

১৩৯। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(ক) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না? নেই।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৪০। যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি? . . .।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৪১। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভুমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অব্যাকৃত

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না? হ্যাঁ।

১৪২। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না? হ্যাঁ।

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১৪৩। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না। অপরাপর কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয়, অকুশল ধর্মও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হবে, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

১৪৪। (ক) যার অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(খ) অনুলোম-স্থান

১৪৫। যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১৪৬। (ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না। কুশলের ভঙ্গক্ষণে অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয়, অকুশল ধর্মও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও নিরুদ্ধ হবে, কুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(ক) যার যেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে কুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে কুশল ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

নিরুদ্ধ হয় না। কুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, কুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

১৪৭। (ক) যার যেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে, তার সেখানে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম নিরুদ্ধ হবে বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হয় না। অকুশলের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও নিরুদ্ধ হবে, অকুশল ধর্মও নিরুদ্ধ হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৪৮। (ক) যার কুশল ধর্ম নিরুদ্ধ হয় না, তার কি অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কুশল ধর্ম নিরুদ্ধ হয় না বটে, তবে অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও নিরুদ্ধ হয় না, অকুশল ধর্মও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না, তার কি কুশল ধর্ম নিরুদ্ধ হয় না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম নিরুদ্ধ হবে না বটে, তবে কুশল ধর্ম নিরুদ্ধ হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের, অর্হত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশলধর্মও নিরুদ্ধ হবে না, কুশল ধর্মও নিরুদ্ধ হয় না।

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

১৯৩। (ক) যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

১৯৪। (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(খ) অনুলোম-স্থান

১৯৫। (ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়

Visit: http://www.buddhistdownload.com

কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে ও অরূপ ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অরূপ ভূমিতে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . .

Visit: http://www.buddhistdownload.com

মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অরূপ ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (চক্ষেন্দ্রিয়মূলক)

১৯৬। যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . .

Visit: http://www.buddhistdownload.com

মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

১৯৭। (ক) যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ . . .।

১৯৮। (ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . .

Visit: http://www.buddhistdownload.com

মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (পুরুষেন্দ্রিয়মূলক)

১৯৯। (ক) যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

২০০। যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২০১। যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

২০২। (ক) যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

২০৩। (ক) যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

২০৪। (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অশ্রোত্রক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সশ্রোত্রক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সশ্রোত্রক ও সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক স্ত্রী সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক পুরুষ সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে

Visit: http://www.buddhistdownload.com

চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অহেতুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সহেতুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক ও সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের সেখানে প্রজ্ঞেন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (চক্ষেন্দ্রিয়মূলক)

২০৫। (ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক পুরুষ সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়

Visit: http://www.buddhistdownload.com

কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু অহেতুক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও সহেতুক সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক ও সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত ও সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২০৬। (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান (স্ত্রী) সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অহেতুক স্ত্রী সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত স্ত্রী সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়। (স্ত্রীন্দ্রিয়মূলক)

২০৭। (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

Visit: http://www.buddhistdownload.com

উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অহেতুক পুরুষ সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক পুরুষ সত্ত্বগণের সেখানে

Visit: http://www.buddhistdownload.com

কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত পুরুষ সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (পুরুষেন্দ্রিয়মূলক)

২০৮। (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

২০৯। (ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত কিন্তু শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের এবং প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে

Visit: http://www.buddhistdownload.com

সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২১০। (ক) যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত কিন্তু শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের সেখানে এবং প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত ও শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত কিন্তু জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

Visit: http://www.buddhistdownload.com

২১১। (ক) যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত কিন্তু জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

২১২। (ক) যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

২১৩। (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে,

Visit: http://www.buddhistdownload.com

তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও অশ্রোত্রক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অশ্রোত্রক কিন্তু সচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অশ্রোত্রক ও অচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সঘ্রাণক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক কিন্তু সচক্ষুক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও অচক্ষুক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু স্ত্রী সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

Visit: http://www.buddhistdownload.com

উৎপদ্যমান অচক্ষুক পুরুষ সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও পুরুষ নহে এমন সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও পুরুষ নহে এমন সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না? হ্যাঁ।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

Visit: http://www.buddhistdownload.com

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সহেতুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও অহেতুক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অহেতুক কিন্তু সচক্ষুক সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অহেতুক ও অচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত কিন্তু সচক্ষুক সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত ও অচক্ষুক সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি মনিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সচিত্তক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

Visit: http://www.buddhistdownload.com

হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

২১৪। (ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক পুরুষ সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও পুরুষ নহে এমন সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও পুরুষ নহে এমন সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের ও বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক কিন্তু সহেতুক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও অহেতুক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অহেতুক কিন্তু সঘ্রাণক সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অহেতুক ও অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না?

Visit: http://www.buddhistdownload.com

উৎপদ্যমান অঘ্রাণক জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত কিন্তু সঘ্রাণক সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি মনিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক কিন্তু সচিত্তক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২১৫। (ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান স্ত্রীও নহে, পুরুষও নহে এমন সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান পুরুষও নহে, স্ত্রীও নহে এমন সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

অরূপ ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

অরূপ ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে

Visit: http://www.buddhistdownload.com

না? হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

৩১৮। যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে ও অরূপ ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৩১৯। (ক) যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি পুরুষেন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। . . . ।

৩২০। (ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? নেই।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে ও অরূপ ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্ব ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (পুরুষেন্দ্রিয়মূলক)

৩২১। (ক) যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি

Visit: http://www.buddhistdownload.com

জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? নেই।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

৩২২। যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৩২৩। যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৩২৪। যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৩২৫। যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৩২৬। (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

৩২৭। (ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে

Visit: http://www.buddhistdownload.com

ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই সঘ্রাণক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই সঘ্রাণক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৩২৮। (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে,

Visit: http://www.buddhistdownload.com

তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর সত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৩২৯। (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য

Visit: http://www.buddhistdownload.com

বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (পুরুষেন্দ্রিয়মূলক)

৩৩০। (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না। (জীবিতেন্দ্রিয়মূলক)

৩৩১। (ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

Visit: http://www.buddhistdownload.com

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৩৩২। যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৩৩৩। যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৩৩৪। যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি মনিন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হবে না? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৩৩৫। (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

Visit: http://www.buddhistdownload.com

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় . . . উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (চক্ষেন্দ্রিয়মূলক)

৩৩৬। যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় . . . উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৩৩৭। (ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের

Visit: http://www.buddhistdownload.com

পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় . . . উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৩৩৮। (ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় . . . উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (পুরুষেন্দ্রিয়মূলক)

৩৩৯। (ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না। ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (জীবিতেন্দ্রিয়মূলক)

৩৪০। (ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও সৌমনস্য বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও সৌমনস্য বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৩৪১। (ক) যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও উপেক্ষা বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও উপেক্ষা বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(উপেক্ষিন্দ্রিয়মূলক)

৩৪২। (ক) যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে,

Visit: http://www.buddhistdownload.com

নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৩৪৩। (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও জ্ঞান বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(খ) অনুলোম-স্থান

৩৪৪। যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? . . .।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৩৪৫। (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

Visit: http://www.buddhistdownload.com

রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে

Visit: http://www.buddhistdownload.com

জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (চক্ষেন্দ্রিয়মূলক)

৩৪৬। যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে স্ত্রীন্দ্রিয় . . . পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

Visit: http://www.buddhistdownload.com

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৩৪৭। (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে পুরুষেন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সকল সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় . . . শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের

Visit: http://www.buddhistdownload.com

সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৩৪৮। (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (পুরুষেন্দ্রিয়মূলক)

৩৪৯। (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের, উৎপত্তি চিত্তের উৎপত্তিক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের এবং প্রবর্তনে

Visit: http://www.buddhistdownload.com

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের ও সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত সমন্বিত সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৩৯২। যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের

Visit: http://www.buddhistdownload.com

ভঙ্গক্ষণে সত্তগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৩৯৩। (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার কি মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(ঙ) প্রত্যানীক-স্থান

৩৯৪। যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, সেখানে কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না? . . .।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৩৯৫। (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না,

Visit: http://www.buddhistdownload.com

শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

Visit: http://www.buddhistdownload.com

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের ও অরূপ ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের ও অরূপ ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের,অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও

Visit: http://www.buddhistdownload.com

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (চক্ষেন্দ্রিয়মূলক)

৩৯৬। (ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন

Visit: http://www.buddhistdownload.com

উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনায় উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সঘ্রাণক

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সঘ্রাণক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে

Visit: http://www.buddhistdownload.com

পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী সঘ্রাণক সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৩৯৭। (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের, যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের , কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান

Visit: http://www.buddhistdownload.com

স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞ সত্ত্বগণে সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৩৯৮। (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি

Visit: http://www.buddhistdownload.com

জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ উপেক্ষা বেদনায় উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান

Visit: http://www.buddhistdownload.com

সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

Visit: http://www.buddhistdownload.com

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (পুরুষেন্দ্রিয়মূলক)

৩৯৯। (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্ব ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব ভূমি হতে

Visit: http://www.buddhistdownload.com

চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব ভূমিত উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

চারিস্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (জীবিতেন্দ্রিয়মূলক)

৪০০। (ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের

Visit: http://www.buddhistdownload.com

ভঙ্গক্ষণে সত্তগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না?

সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না?

সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে

Visit: http://www.buddhistdownload.com

না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৪০১। যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের, সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৪০২। যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৪০৩। (ক) যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

Visit: http://www.buddhistdownload.com

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৪০৪। (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা অরূপ ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে

Visit: http://www.buddhistdownload.com

পরিনির্বাপিত হবেন এবং যেই পুরুষ সত্ত্বগণে এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

৪০৫। (ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই পুরুষ সত্ত্বগণে এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল

Visit: http://www.buddhistdownload.com

কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৪০৬। (ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

Visit: http://www.buddhistdownload.com

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৪০৭। (ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল,

Visit: http://www.buddhistdownload.com

জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (পুরুষেন্দ্রিয়মূলক)

৪০৮। (ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

৪০৯। (ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু

Visit: http://www.buddhistdownload.com

সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৪১০। যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয় . . . প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৪১১। যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার প্রজ্ঞেন্দ্রিয় . . . মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৪১২। (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(খ) অনুলোম-স্থান

৪১৩। যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি? . . . ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪১৪। (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

Visit: http://www.buddhistdownload.com

